গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
হরিপুর, ঠাকুরগাঁও

| | | |
|---|---|---|
| বিষয় | : | ডিসেম্বর-২০২৪খ্রিঃ **মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী** |
| সভাপতি | : | জনাব মোঃ আরিফুজ্জামান<br>প্রশাসক, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও |
| তারিখ | : | ২৯ ডিসেম্বর-২০২৪খ্রিঃ |
| সময় | : | বেলা ১১.৩০ ঘটিকা |
| স্থান | : | উপজেলা পরিষদ সভা কক্ষ |

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য**

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় পূর্ববর্তী মাসের সভার কার্যবিবরণী পাঠ করা হলে তাতে কোন সংযোজন বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**০২।বিভাগীয় আলোচনা ও সিদ্ধান্তঃ**

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| চেয়ারম্যান, ১ নং গেদুড়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, ১ নং গেদুড়া ইউনিয়ন সভায় জানান, অত্র ইউনিয়নে বালুর অভাবে অনেক কাজ ব্যাহত হচ্ছে। বালুর সমস্যা সমাধান করা জরুরী। | বালুর সমস্যা সমাধানে কাজ করতে হবে এবং দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ১. প্রশাসক, উপজেলা পরিষদ, হরিপুর<br>২. উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর<br>৩. চেয়ারম্যান, ১ নং গেদুড়া ইউনিয়ন পরিষদ |
| চেয়ারম্যান, ২ নং আমগাঁও ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, ২ নং আমগাঁও ইউনিয়ন সভায় জানান, অত্র এলাকার উন্নয়মূলক কাজ করতে গেলে বালু নিয়ে অনেক সমস্যায় পড়তে হয়। এই সমস্যা সমাধানে কাজ করতে হবে। | বালু সমস্যা সমাধানে কাজ করতে হবে এবং দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ১. প্রশাসক, উপজেলা পরিষদ, হরিপুর<br>২. উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর<br>৩. চেয়ারম্যান, ২ নং আমগাঁও ইউনিয়ন পরিষদ |
| চেয়ারম্যান ৩ নং বকুয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান ৩ নং বকুয়া ইউনিয়ন সভায় জানান, বালুর সমস্যা এখনো রয়েছে। এটি সমাধান করা একান্ত প্রয়োজন। বালুর অভাবে রাস্তাঘাটের কাজ করা সম্ভব হচ্ছে না। | বালু সমস্যা সমাধানে কাজ করতে হবে এবং দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ১. প্রশাসক, উপজেলা পরিষদ, হরিপুর<br>২. উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর<br>৩. চেয়ারম্যান, ৩ নং বকুয়া ইউনিয়ন পরিষদ |
| চেয়ারম্যান ৪ নং ডাঙ্গীপাড়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান ৪ নং ডাঙ্গীপাড়া সভায় জানান, কিছুদিন আগে হরিপুর উপজেলায় টিএসপি সারের সংকট প্রচুর পরিমাণে দেখা যায়। এটি কেন হলো তা জানতে চান। টিউবওয়েল কেন এখনো দেওয়া হয় না তা জানতে চান। লহচাদ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সম্প্রসারিত ভবন হয়েছে কিন্তু কোন বেঞ্চ নেই। | টিএসপি সারের বরাদ্দ বাড়াতে হবে এবং দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ১.উপজেলা কৃষি কর্মকর্তা, হরিপুর<br>২. চেয়ারম্যান ৫ নং হরিপুর ইউনিয়ন পরিষদ |
| চেয়ারম্যান ৫ নং হরিপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান ৫ নং হরিপুর ইউনিয়ন সভায় জানান, চারমাস থেকে বাংলা টিএসপি সারের কোন বরাদ্দ নেই। হাসপাতালে সিজারের কোন ব্যবস্থা হয়েছে কী না জানতে চান। | টিএসপি সারের বরাদ্দ বাড়াতে হবে এবং দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ১.উপজেলা কৃষি কর্মকর্তা, হরিপুর<br>২. চেয়ারম্যান ৫ নং হরিপুর ইউনিয়ন পরিষদ |

| | | | |
|---|---|---|---|
| চেয়ারম্যান, ৬ নং ভাতুরিয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান ৬ নং ভাতুরিয়া সভায় জানান, রাসায়নিক সারের দাম কেন বেশী নেওয়া হচ্ছে জানতে চান। সাম্প্রতিক জমি নিয়ে কিছু বিরোধ দেখা গেছে তা সমাধানের চেষ্টা চলমান। | রাসায়নিক সারের দাম মোকাবেলা করতে হবে এবং দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ১. প্রশাসক, উপজেলা পরিষদ, হরিপুর<br>২. উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর<br>৩. চেয়ারম্যান ৬ নং ভাতুরিয়া ইউনিয়ন পরিষদ |
| কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভবে চলছে। নভেম্বর মাসে কৃষি প্রনোদনা সফলভাবে বিতরণ সম্পন্ন হয়েছে। মাঠে সরিষা ও গম রোপন তুলনামূলক কম, কৃষকেরা ভুট্টা ও আলু চাষ বেশী করছেন। চাহিদা অনুযায়ী টিএসপি সার পাওয়া যায় না যার কারণে সাময়িক সংকট দেখা গেছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা কৃষি কর্মকর্তা, হরিপুর |
| স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার প্রতিনিধি জানান যে, আল্ট্রাসনোগ্রাম মেশিন কেনার প্রক্রিয়া চলমান, সিজার চালুর জন্য ডাক্তার সংকট রয়েছে। বর্তমানে অত্র হাসপাতালে ৫ জন ডাক্তার রয়েছে। | ১.জনবল বাড়াতে হবে<br>২.দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হরিপুর |
| প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, হরিপুর |
| মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, সীমান্তবর্তী বর্ডার দিয়ে যাতে'করে কোনভাবেই ইলিশ মাছ ভারতে পাচার হতে না পারে, সেজন্য উপজেলার মাসিক সমন্বয় সভায় উপজেলা মৎস্য অফিসার মহোদয় উপজেলার মধ্যে অবস্থিত তিনটি বিজিবির ক্যাম্প /চেকপোস্টকে সতর্ক দৃষ্টি রাখার জন্য কোম্পানি কমান্ডারদের আহ্বান করেন যাতে করে কোনভাবেই ভারতে ইলিশ পাচার হতে না পারে। | ইলিশ পাচার রোধে কাজ করতে হবে এবং দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, হরিপুর<br>কোম্পানি কমান্ডার বিজিবি(সকল), হরিপুর |
| পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হরিপুর |
| প্রকৌশলি দপ্তর | উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি সভায় জানান, এখন কৃষি প্রকল্পের ১২ টি রাস্তার কাজ চলমান রয়েছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা প্রকৌশলি, হরিপুর |
| শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, প্রাথমিক বিদ্যালয়ের চতুর্থ ও পঞ্চম শ্রেণীর বই এখনো পাওয়া যায় নি। ৩য় শ্রেণী পর্যন্ত বই আসছে। ৬ তারিখ ফাইনাল ফুটবল খেলা তিনি সকলকে দেখার আমন্ত্রণ জানান। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা শিক্ষা কর্মকর্তা, হরিপুর |
| মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, জানুয়ারি মাসে বই পাওয়া মাত্র বিদ্যালয়ে দেওয়া হবে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, হরিপুর |
| জনস্বাস্থ্য প্রকৌশল | উপজেলা প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, নলকুপের কিছু মালামাল আসছে, সব মালামাল আসলেই কাজ শুরু করা হবে। এছাড়াও দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | জনস্বাস্থ্য প্রকৌশল, হরিপুর |
| তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | উপজেলা আইসিটি অফিসার সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। হরিপুর উপজেলার ১৮ টি শিক্ষা প্রতিষ্ঠানে ইন্টারনেট সংযোগ দেওয়া হয়েছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা আইসিটি অফিসার, হরিপুর |

| | | | |
|---|---|---|---|
| অধিদপ্তর | | | |
| উপজেলা সমাজ সেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, বয়স্ক ও বিধবা ভাতার কার্যক্রম চলমান। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, হরিপুর |
| যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরি কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হরিপুর |
| সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা সমবায় কর্মকর্তা, হরিপুর |
| খাদ্য দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, অত্র দপ্তরে আমন সংগ্রহ চলছে। কিন্তু তা আশানরুপ হচ্ছে না। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হরিপুর |
| পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, হরিপুর |
| উপজেলা আনসার ও ভিডিপি দপ্তর | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান, অত্র উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। হরিপুর উপজেলায় সহজ ও সুন্দরভাবে স্মার্ট কার্ড বিতরণে আনসার ও ভিডিপি দায়িত্ব পালন করবে। দুই মাস প্রশিক্ষণ বন্ধ ছিল, জানুয়ারিতে চালু হওয়ার সম্ভাবনা রয়েছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, হরিপুর |
| প্রকল্প বাস্তবায়ন দপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হরিপুর |
| মহিলা বিষয়ক দপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হরিপুর |
| বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন বোর্ড কর্মকর্তা সভায় জানান, ঋনের বাজেট খুব কম যার' কারনে স্বল্প পরিমানে দেওয়া হচ্ছে অত্র কার্যালয়ের ঋন বিতরণ ও প্রশিক্ষণ কার্যক্রম চলমান। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, হরিপুর |
| বন বিভাগ | ফরেস্টার, সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ফরেস্টার, হরিপুর |
| বরেন্দ্র দপ্তর | সহকারী প্রকৌশলী বিএমডিএ(প্রতিনিধি) সভায় জানান, ইরি মৌসুমের সেচ প্রকল্প চলমান। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | ১.সেচ কমিটির সভা নিয়মিত করতে হবে।<br>২.দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকৌশলী বিএমডিএ, হরিপুর |
| পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশ, হরিপুর |
| তথ্য আপা | উপজেলা তথ্য কর্মকর্তা সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা তথ্য কর্মকর্তা , হরিপুর |
| বাংলাদেশ পল্লী বিদ্যুৎ সমিতি | সহকারী জেনারেল ম্যানেজার(প্রতিনিধি) সভায় জানান, অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | বাংলাদেশ পল্লী বিদ্যুৎ সমিতি, হরিপুর |
| উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি সভায়, সেচ কমিটির সভা নিয়মিত আয়োজন করতে বরেন্দ্র উন্নয়ন কর্তৃপক্ষকে অনুরোধ করেন। টিএসপি সারের সংকট নিরসনে অতিরিক্ত চাহিদা প্রেরণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করেন। | টিএসপি সারের সমস্যা সমাধান করতে হবে, বরেন্দ্র বিভাগের সভা নিয়মিত করতে হবে এবং দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান, হরিপুর |

০৩।বিবিধঃ

০১। আলোচনায় প্রশাসক, উপজেলা পরিষদ, ফরিদপুর মহোদয় সভায় জানান যে, অত্র উপজেলা পরিষদের আনুষাঙ্গিক/মনিহারি খাতে বিবিধ আপ্যায়ন খাতে ৩০,০০০/- (ত্রিশ হাজার টাকা মাত্র), এবং আনুষাঙ্গিক/মনিহারি খাতে বিবিধ আনুষাঙ্গিক খাতে ৫,০০০/- টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয় অনুমোদন হওয়া প্রয়োজন।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| আনুষাঙ্গিক ও আপ্যায়ন ব্যয় বাবদ মোট ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার টাকা মাত্র) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | ১। প্রশাসক, উপজেলা পরিষদ, ফরিদপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর |

০২। আলোচনায় প্রশাসক উপজেলা পরিষদ, ফরিদপুর মহোদয় জানান যে, অত্র পরিষদের ডিসেম্বর/২০২৪খ্রিঃ মাসে ইন্টারনেট খাতে ৫,০০০/- (পাঁচ হাজার টাকা) ব্যয় হয়েছে। উক্ত ব্যয় অনুমোদন হওয়া প্রয়োজন।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| ইন্টারনেট খাতে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | ১। প্রশাসক, উপজেলা পরিষদ, ফরিদপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর |

০৩। আলোচনায় প্রশাসক উপজেলা পরিষদ, ফরিদপুর সভায় জানান যে, ডিসেম্বর/২০২৪খ্রিঃ মাসে অত্র উপজেলা পরিষদের টেনিস ক্লাব ও উপজেলা টেনিস একাডেমির ময়লা আবর্জনা ও আগাছা পরিষ্কারকরণ বাবদ ৮,০০০/- (আট হাজার টাকা মাত্র) ব্যয় হয়েছে। উক্ত ব্যয় অনুমোদন হওয়া প্রয়োজন।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| অত্র উপজেলা পরিষদের টেনিস ক্লাব ও উপজেলা টেনিস একাডেমির ময়লা আবর্জনা ও আগাছা পরিষ্কারকরণ বাবদ ৮,০০০/- (আট হাজার টাকা মাত্র)টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | ১। প্রশাসক, উপজেলা পরিষদ, ফরিদপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর |

০৪। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, অত্র উপজেলা দরিদ্র ও সীমান্তবর্তী। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা, ২০২০, অনুচ্ছেদ ৩ এর ক্রমিক নং খ মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল দ্বারা উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে অপ্রত্যাশিত খাতে ব্যয় করা যাবে। সে মোতাবেক এ উপজেলায় গরীব ও অসহায় মানুষদের মাঝে ডিসেম্বর ২০২৪খ্রিঃ চিকিৎসা সহায়তা হিসেবে ০১(এক) জন মানুষকে ৫,০০০/- টাকা হারে মোট ৫,০০০/- (পাঁচ হাজার টাকা মাত্র) প্রদান করা প্রয়োজন। যা অদ্যকার সভায় অনুমোদন হওয়া প্রয়োজন।

বিস্তারিত আলোচনায় বর্ণিত ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| চিকিৎসা সহায়তা বাবদ সর্বমোট ৫,০০০/-(পাঁচ হাজার টাকা মাত্র) সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। প্রশাসক, উজেলা পরিষদ, ফরিদপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,ফরিদপুর। |

০৫। প্রশাসক, উপজেলা পরিষদ ফরিদপুর মহোদয় সভায় জানান, যেহেতু বিজয় দিবস তাই উপজেলার মুক্তিযোদ্ধাদের আপ্যায়ন ও বিজয় দিবস উদযাপন বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয় হয়েছে । যা অদ্যকার সভায় অনুমোদন করা প্রয়োজন। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০, অনুচ্ছেদ ৩ এর ক্রমিক নং খ মোতাবেক উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে জাতীয় দিবস উদযাপন করা যাবে। জাতীয় দিবস উদযাপন বাবদ উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করা যেতে পারে।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| বিজয় দিবস-২০২৪ উদযাপন বাবদ ব্যয়=৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। প্রশাসক, উজেলা পরিষদ, ফরিদপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর। |

০৬। জনাব মোঃ শফিকুল ইসলাম, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে সভায় জানান, উপজেলা পরিষদের কিছু আসবাবপত্র দীর্ঘদিন ব্যবহার করার ফলে এখন এগুলো ব্যবহারের অনুপযোগি হয়ে গেছে যা নতুন ক্রয় করা একান্ত প্রয়োজন। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নিদের্শিকা, ২০২০, অনুচ্ছেদ ৩ এর ক্রমিক নং ছ মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল দ্বারা পরিষদের জন্য প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয় করা যাবে। আসবাবপত্র ক্রয় বাবদ প্রাক্কলিত ব্যয় ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা যা প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে। যা অদ্যকার সভায় অনুমোদন হওয়া প্রয়োজন।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| উপজেলা পরিষদ আসবাবপত্র ক্রয় বাবদ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | ১। প্রশাসক, উজেলা পরিষদ, ফরিদপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর |

০৭। জনাব মোঃ শফিকুল ইসলাম, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে সভায় জানান, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের গত ডিসেম্বর ২০২১ খ্রিঃ তারিখের উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২২, অনুচ্ছেদ ৩.৬ এর ক্রমিক নং-৬(গ) মোতাবেক উপজেলার জন্য ক্রীড়া সামগ্রী ক্রয় করা যাবে। সে মোতাবেক উপজেলার জন্য ক্রীড়া সামগ্রী ক্রয় করা প্রয়োজন। যার প্রাক্কলিত ব্যয় ১,৫০,০০০/(এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা যা প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে ক্রয় করা যেতে পারে।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| উপজেলার জন্য ক্রীড়া সামগ্রী ক্রয় ব্যয় ১,৫০,০০০/(এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা যা প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে ক্রয় করতে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | ১। প্রশাসক, উজেলা পরিষদ, ফরিদপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর |

০৮। জনাব মোঃ শফিকুল ইসলাম, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে সভায় জানান, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা, ২০২০ অনুচ্ছেদ ৩ এর ক্রমিক নং-ক মোতাবেক উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/সংস্করণ উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে করা যাবে। সে মোতাবেক উপজেলা পরিষদ আনসার শেড মেরামত বাবদ প্রাক্কলিত ব্যয় ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা যা প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে মেরামত করা যেতে পারে।

| সিদ্ধান্ত ঃ | |
|---|---|
| উপজেলা পরিষদ আনসার শেড মেরামত বাবদ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা যা প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে ক্রয় করতে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | বাস্তবায়নে-<br>১। প্রশাসক, উজেলা পরিষদ, হরিপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর |

০৯। জনাব মোঃ শফিকুল ইসলাম, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে সভায় জানান, উপজেলা পরিষদের কিছু আলমিরা দীর্ঘদিন ব্যবহার করার ফলে এখন এগুলো ব্যবহারের অনুপযোগি হয়ে গেছে যা মেরামত করা একান্ত প্রয়োজন। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নিদের্শিকা, ২০২০, অনুচ্ছেদ ৩ এর ক্রমিক নং ছ মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল দ্বারা পরিষদের জন্য প্রয়োজনীয় আসবাবপত্র মেরামত করা যাবে। আলমিরা মেরামতকরণ বাবদ ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। যা অদ্যকার সভায় অনুমোদন হওয়া প্রয়োজন।

| সিদ্ধান্ত ঃ | |
|---|---|
| উপজেলা পরিষদ আলমিরা মেরামতকরণ বাবদ ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | বাস্তবায়নে-<br>১। প্রশাসক, উজেলা পরিষদ, হরিপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর |

১০। জনাব মোঃ শফিকুল ইসলাম, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে সভায় জানান, উপজেলা পরিষদের কিছু বৈদ্যুতিক সরঞ্জামাদি দীর্ঘদিন ব্যবহার করার ফলে এখন কিছু সরঞ্জাম মেরামত করা একান্ত প্রয়োজন। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দশিকা, ২০২০, অনুচ্ছেদ ৩ এর ক্রমিক নং ঞ মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল দ্বারা পরিষদের জন্য উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত করা যাবে। সে মোতাবেক বৈদ্যুতিক সরঞ্জামাদি মেরামতকরণ বাবদ ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। যা অদ্যকার সভায় অনুমোদন হওয়া প্রয়োজন।

| সিদ্ধান্ত ঃ | |
|---|---|
| উপজেলা পরিষদের বৈদ্যুতিক সরঞ্জামাদি মেরামতকরণ বাবদ ২৫,০০০/-(পঁচিশ হাজার) টকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | বাস্তবায়নে-<br>১। প্রশাসক, উজেলা পরিষদ, হরিপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর |

অতপরঃ আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোঃআরিফুজ্জামান
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভা
হরিপুর, ঠাকুরগাঁও

স্মারক নং:০৫.৫৫.৯৪৫১.০০০.০৩.০০৩.২৪-১১৫৯ তারিখঃ ২৯/১২/২০২৪খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০১। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, রংপুর বিভাগ, রংপুর
০২। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও
০৩। উপজেলা '.......................................................কর্মকর্তা, হরিপুর, ঠাকুরগাঁও
০৪। চেয়ারম্যান ........................................................(সকল) ইউপি, হরিপুর, ঠাকুরগাঁও

উপজেলা নির্বাহী অফিসার
হরিপুর, ঠাকুরগাঁও